

পরিশিষ্ট

শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

লক্ষ্য

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

উদ্দেশ্য

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।
২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।
৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।
৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।
৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।
৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠ্যভ্যাস গড়ে তোলা।
৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।
৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।
৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।
১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।
১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশ্লিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাদি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।

১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।
১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।
১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাত্মক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।
১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।
১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

বিষয়: গণিত

বিষয়ভিত্তিক উদ্দেশ্য

১. গাণিতিক জ্ঞান ও নৈপুণ্য অর্জন করার মাধ্যমে যৌক্তিক ও গঠনমূলক চিন্তায় উদ্বুদ্ধ হওয়া।
২. গাণিতিক যুক্তি ব্যবহার করে বস্তুনিষ্ঠ প্রমাণে উপনীত হওয়ার দক্ষতা অর্জন করা।
৩. সেট ও সেটের কার্যবিধি সম্পর্কে জানা এবং সমস্যা সমাধানে সেট ব্যবহারের দক্ষতা অর্জন করা।
৪. ফাংশনের ধারণা লাভ করে লেখচিত্র অঙ্কন এবং তা প্রয়োগ করতে সক্ষম হওয়া।
৫. বাস্তব সংখ্যার শ্রেণিবিন্যাস সম্পর্কে জানা ও প্রয়োগ করতে পারা।
৬. বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতিক সূত্রের গঠন ও ব্যবহার করার দক্ষতা অর্জন করা।
৭. সূচক ও লগারিদম সম্পর্কে ধারণা লাভ ও প্রয়োগে সক্ষম হওয়া।
৮. বীজগণিতীয় অনুপাত ও সমানুপাতের ধারণা লাভ ও প্রয়োগে সক্ষম হওয়া।
৯. এক চলকবিশিষ্ট সমীকরণ এবং দুই চলকবিশিষ্ট সরল সহসমীকরণ সমাধান ও প্রয়োগে দক্ষতা অর্জন করা।
১০. অনুক্রম ও ধারার ধারণা লাভ, সসীম সমান্তর ও গুণোত্তর ধারার নির্দিষ্ট পদ এবং নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি নির্ণয় করতে পারা।
১১. জ্যামিতিক প্রমাণ ও জ্যামিতিক অঙ্কন সম্পর্কে জ্ঞান সম্প্রসারণ ও তা প্রয়োগের দক্ষতা বৃদ্ধি করা।
১২. প্রতিসমতা ও সদৃশতা সম্পর্কে জ্ঞান লাভ করে তা ব্যবহার করতে পারা।
১৩. ত্রিকোণমিতিক অনুপাত সম্পর্কে জ্ঞান লাভ করে প্রয়োগ করতে পারা।
১৪. সমতলীয় ক্ষেত্র ও ঘনবস্তু সংক্রান্ত পরিমাপ করতে সক্ষম হওয়া।
১৫. তথ্য ও উপাত্ত বিন্যাসের মাধ্যমে পরিসংখ্যানের মৌলিক বিষয়াদি জানা ও প্রয়োগ করতে পারা।
১৬. গাণিতিক সমস্যা সমাধানের উপায় উদ্ভাবনে নৈপুণ্য লাভ করা।

মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল
(২০২৫ সালের পাঠ্যপুস্তক অনুযায়ী পরিমার্জিত)
বিষয় : গণিত

প্রথম অধ্যায় : বাস্তব সংখ্যা (১৫ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. বাস্তব সংখ্যার শ্রেণিবিন্যাস করতে পারবে। ২. বাস্তব সংখ্যাকে দশমিকে প্রকাশ করে আসন্ন মান নির্ণয় করতে পারবে। ৩. দশমিক ভগ্নাংশের শ্রেণিবিন্যাস ব্যাখ্যা করতে পারবে। ৪. আবৃত্ত দশমিক ভগ্নাংশ ব্যাখ্যা করতে পারবে এবং ভগ্নাংশকে আবৃত্ত দশমিকে প্রকাশ করতে পারবে। ৫. আবৃত্ত দশমিক ভগ্নাংশকে সাধারণ ভগ্নাংশে রূপান্তর করতে পারবে। ৬. অসীম অনাবৃত্ত দশমিক ভগ্নাংশ ব্যাখ্যা করতে পারবে। ৭. সদৃশ ও বিসদৃশ দশমিক ভগ্নাংশ ব্যাখ্যা করতে পারবে। ৮. আবৃত্ত দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করতে পারবে এবং এতদসংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান করতে পারবে।	<ul style="list-style-type: none"> বাস্তব সংখ্যার শ্রেণিবিন্যাস সংখ্যার আসন্ন মান দশমিক ভগ্নাংশের শ্রেণিবিন্যাস আবৃত্ত দশমিক ভগ্নাংশ আবৃত্ত দশমিক ভগ্নাংশকে সাধারণ ভগ্নাংশে রূপান্তর অসীম অনাবৃত্ত দশমিক ভগ্নাংশ দৃশ ও বিসদৃশ দশমিক ভগ্নাংশ আবৃত্ত দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ও ভাগ

দ্বিতীয় অধ্যায় : সেট ও ফাংশন (১৫ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. সেট ও উপসেটের ধারণা ব্যাখ্যা করে প্রতীকের সাহায্যে প্রকাশ করতে পারবে। ২. সেট প্রকাশের পদ্ধতি বর্ণনা করতে পারবে। ৩. অসীম সেট ব্যাখ্যা করতে পারবে এবং সসীম ও অসীম সেটের পার্থক্য নিরূপণ করতে পারবে। ৪. সেটের সংযোগ ও ছেদ ব্যাখ্যা এবং যাচাই করতে পারবে। ৫. শক্তি সেট ব্যাখ্যা করতে পারবে এবং দুই ও তিন সদস্যবিশিষ্ট সেটের শক্তি সেট গঠন করতে পারবে। ৬. ক্রমজোড় ও কার্তেসীয় গুণজ ব্যাখ্যা করতে পারবে। ৭. উদাহরণ ও ভেনচিত্রের সাহায্যে সেট প্রক্রিয়ার সহজ বিধিগুলো প্রমাণ করতে পারবে এবং বিধিগুলো প্রয়োগ করে বিভিন্ন সমস্যা সমাধান করতে পারবে। ৮. অন্তর ও ফাংশন ব্যাখ্যা ও গঠন করতে পারবে। ৯. ডোমেন ও রেঞ্জ কী ব্যাখ্যা করতে পারবে। ১০. ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় করতে পারবে। মনোপেশিজ ১১. ফাংশনের লেখচিত্র অঙ্কন করতে পারবে।	<ul style="list-style-type: none"> সেট ও উপসেট বাস্তব সংখ্যার সেট ও উপসেট সেট প্রকাশের পদ্ধতি (তালিকা ও সেট গঠন পদ্ধতি) সসীম ও অসীম সেট সেটের সংযোগ ও ছেদ শক্তি সেট ক্রমজোড় ও কার্তেসীয় গুণজ সেট সেটের বিধিসমূহ <ul style="list-style-type: none"> $(A \cup B)' = A' \cap B'$ $(B' \cap C)' = B' \cup C'$ $(A \cup B) \cap C = (A \cap C) \cup (B \cap C)$ $(A \cap B) \cup C = (A \cup C) \cap (B \cup C)$ ফাংশন ফাংশনের লেখচিত্র ($x=a, y=b, y = mx+c$)

তৃতীয় অধ্যায় : বীজগাণিতিক রাশি (১০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. বীজগাণিতিক সূত্র প্রয়োগ করে বর্গ ও ঘনের সম্প্রসারণ করতে পারবে। ২. ভাগশেষ উপপাদ্য কী ব্যাখ্যা করতে পারবে এবং তা প্রয়োগ করে উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে। ৩. বাস্তব সমস্যা সমাধানের জন্য বীজগাণিতিক সূত্র গঠন করতে পারবে এবং সূত্র প্রয়োগ করে সমস্যা সমাধান করতে পারবে।	<ul style="list-style-type: none"> বর্গ ও ঘনের সম্প্রসারণ ভাগশেষ উপপাদ্য প্রয়োগ করে উৎপাদকে বিশ্লেষণ বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতিক সূত্রের গঠন ও প্রয়োগ

চতুর্থ অধ্যায় : সূচক ও লগারিদম (১০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. মূলদ সূচক ব্যাখ্যা করতে পারবে। ২. ধনাত্মক পূর্ণ সাংখ্যিক সূচক, শূন্য ও ঋণাত্মক পূর্ণ সাংখ্যিক সূচক ব্যাখ্যা ও প্রয়োগ করতে পারবে। ৩. সূচকের নিয়মাবলি বর্ণনা এবং তা প্রয়োগ করে সমস্যার সমাধান করতে পারবে। ৪. n -তম মূল ($n \in \mathbb{N}$) এবং মূলদ ভগ্নাংশ সূচক ব্যাখ্যা করতে পারবে। ৫. n -তম মূলকে সূচক আকারে প্রকাশ করতে পারবে। ৬. লগারিদম ব্যাখ্যা করতে পারবে। ৭. লগারিদমের সূত্রাবলি প্রমাণ ও প্রয়োগ করতে পারবে। ৮. সাধারণ লগারিদম ও স্বাভাবিক লগারিদম ব্যাখ্যা করতে পারবে। ৯. সংখ্যার বৈজ্ঞানিক রূপ এবং সাধারণ লগারিদমের পূর্ণক ও অংশক ব্যাখ্যা করতে পারবে। মনোপেশিজ ১০. ক্যালকুলেটরের সাহায্যে সাধারণ ও স্বাভাবিক লগারিদম নির্ণয় করতে পারবে।	<ul style="list-style-type: none"> মূলদ সূচক সূচকের নিয়মাবলি <ul style="list-style-type: none"> $a^m a^n = a^{m+n}$ $(a^m)^n = a^{mn}$ $(ab)^n = a^n b^n$ $\left(\frac{a}{b}\right)^n = \frac{a^n}{b^n}$ n-তম মূল ও মূলদ ভগ্নাংশ সূচক লগারিদম লগারিদমের সূত্রাবলি <ul style="list-style-type: none"> $\log_a a = 1$ এবং $\log_a 1 = 0$ $\log_a (MN) = \log_a M + \log_a N$ $\log_a \left(\frac{M}{N}\right) = \log_a M - \log_a N$ $\log_a M^r = r \log_a M$ সাধারণ ও স্বাভাবিক লগারিদম সংখ্যার বৈজ্ঞানিক রূপ, লগারিদমের পূর্ণক ও অংশক

পঞ্চম অধ্যায় : এক চলকবিশিষ্ট সমীকরণ (১০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. সমীকরণ ও অভেদের পার্থক্য ব্যাখ্যা করতে পারবে। ২. একঘাত সমীকরণের সমাধান করতে পারবে। ৩. বাস্তবভিত্তিক সমস্যার সমীকরণ গঠন করে সমাধান করতে পারবে। ৪. দ্বিঘাত সমীকরণের সমাধান করতে পারবে এবং সমাধান সেট নির্ণয় করতে পারবে। ৫. বাস্তবভিত্তিক সমস্যার দ্বিঘাত সমীকরণ গঠন করে সমাধান করতে পারবে। আবেগীয় ৬. সমীকরণ গঠন করে সমস্যার সমাধানে আত্মহী হবে।	<ul style="list-style-type: none"> সমীকরণ ও অভেদ একঘাত সমীকরণের সমাধান দ্বিঘাত সমীকরণ দ্বিঘাত সমীকরণের সমাধান ও সমাধান সেট বাস্তবভিত্তিক সমস্যার সমাধান

ষষ্ঠ অধ্যায় : রেখা, কোণ ও ত্রিভুজ

(১০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. সমতলীয় জ্যামিতির মৌলিক স্বীকার্যগুলো বর্ণনা করতে পারবে। ২. সমান্তরাল সরলরেখা সংক্রান্ত উপপাদ্যগুলো প্রমাণ করতে পারবে। ৩. ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্যগুলো প্রমাণ করতে পারবে। ৪. ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্য ও অনুসিদ্ধান্তগুলো প্রয়োগ ব্যবহার করে সমস্যা সমাধান করতে পারবে।	<ul style="list-style-type: none"> সমতলীয় জ্যামিতির মৌলিক স্বীকার্য <ul style="list-style-type: none"> সমান্তরাল সরলরেখার উপপাদ্য একটি সরলরেখা অপর দুইটি সমান্তরাল সরলরেখাকে ছেদ সংক্রান্ত উপপাদ্য ও তার বিপরীত উপপাদ্যের প্রমাণ ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্য <ul style="list-style-type: none"> ত্রিভুজের দুইটি কোণ সমান হলে এদের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান হবে। ত্রিভুজের দুইটি কোণ অসমান হলে, বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর হবে। ত্রিভুজের দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে তার অর্ধেক।

সপ্তম অধ্যায় : ব্যবহারিক জ্যামিতি

(০৬ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. প্রদত্ত উপাত্ত ও তথ্য ব্যবহার করে ত্রিভুজ অঙ্কন করতে পারবে। ২. প্রদত্ত উপাত্ত ও তথ্য ব্যবহার করে সামান্তরিক অঙ্কন করতে পারবে।	<ul style="list-style-type: none"> বিভিন্ন প্রকার ত্রিভুজ ও চতুর্ভুজ ত্রিভুজ সংক্রান্ত সম্পাদ্য <ul style="list-style-type: none"> ত্রিভুজের ভূমি, ভূমি সংলগ্ন একটি কোণ ও অপর দুই বাহুর সমষ্টি দেওয়া আছে, ত্রিভুজটি আঁকতে হবে। ত্রিভুজের ভূমি, ভূমি সংলগ্ন একটি সূক্ষ্মকোণ ও অপর দুই বাহুর অন্তর দেওয়া আছে, ত্রিভুজটি আঁকতে হবে। ত্রিভুজের ভূমি সংলগ্ন দুইটি কোণ ও পরিসীমা দেওয়া আছে, ত্রিভুজটি আঁকতে হবে। সামান্তরিক সংক্রান্ত সম্পাদ্য <ul style="list-style-type: none"> সামান্তরিকের দুইটি কর্ণ ও তাদের অন্তর্ভুক্ত কোণ দেওয়া আছে। সামান্তরিকটি আঁকতে হবে। সামান্তরিকের দুইটি কর্ণ ও একটি বাহু দেওয়া আছে। সামান্তরিকটি আঁকতে হবে।

অষ্টম অধ্যায় : বৃত্ত

(১৪ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. বৃত্তচাপ, কেন্দ্রস্থ কোণ, বৃত্তস্থ কোণ, বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ ব্যাখ্যা করতে পারবে। ২. বৃত্ত সম্পর্কিত উপপাদ্য প্রমাণ করতে পারবে। ৩. বৃত্ত সম্পর্কিত সম্পাদ্য বর্ণনা করতে পারবে।	<ul style="list-style-type: none"> বৃত্তচাপ, কেন্দ্রস্থ কোণ, বৃত্তস্থ কোণ, বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ বৃত্ত সম্পর্কিত উপপাদ্য <ul style="list-style-type: none"> বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক। বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ কোণগুলো পরস্পর সমান। অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ। বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজের যেকোনো দুইটি বিপরীত কোণের সমষ্টি দুই সমকোণ। কোনো চতুর্ভুজের দুইটি বিপরীত কোণ সম্পূরক হলে তার শীর্ষবিন্দু চারটি সমবৃত্ত হবে। বৃত্তের যেকোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব। বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে বৃত্তে দুইটি স্পর্শক টানলে, ঐ বিন্দু থেকে স্পর্শক বিন্দুদ্বয়ের দূরত্ব সমান হবে। দুইটি বৃত্ত পরস্পর স্পর্শ করলে, তাদের কেন্দ্রদ্বয় ও স্পর্শবিন্দু সমরেখ হবে। বৃত্ত সম্পর্কিত সম্পাদ্য <ul style="list-style-type: none"> একটি বৃত্ত বা বৃত্তচাপ দেওয়া আছে, কেন্দ্র নির্ণয় করতে হবে। বৃত্তের কোনো বিন্দুতে একটি স্পর্শক আঁকতে হবে। বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে বৃত্তটিতে স্পর্শক আঁকতে হবে। কোনো নির্দিষ্ট ত্রিভুজের পরিবৃত্ত আঁকতে হবে। কোনো নির্দিষ্ট ত্রিভুজের অন্তর্বৃত্ত আঁকতে হবে। কোনো নির্দিষ্ট ত্রিভুজের বহির্বৃত্ত আঁকতে হবে।

নবম অধ্যায় : ত্রিকোণমিতিক অনুপাত

(১৬ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাত বর্ণনা করতে পারবে। ২. সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক নির্ণয় করতে পারবে। ৩. সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাতগুলোর ধ্রুবতা যাচাই করে প্রমাণ ও গাণিতিক সমস্যা সমাধান করতে পারবে। ৪. জ্যামিতিক পদ্ধতিতে 30° , 45° , 60° কোণের ত্রিকোণমিতিক অনুপাতের মান নির্ণয় ও প্রয়োগ করতে পারবে। ৫. 0° ও 90° কোণের অর্থপূর্ণ ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মান নির্ণয় করে প্রয়োগ করতে পারবে। ৬. ত্রিকোণমিতিক অভেদাবলি প্রমাণ করতে পারবে। ৭. ত্রিকোণমিতিক অভেদাবলির প্রয়োগ করতে পারবে।	<ul style="list-style-type: none"> সূক্ষ্মকোণের ত্রিকোণমিতিক অনুপাত ও এদের সম্পর্ক 30°, 45°, 60° কোণের ত্রিকোণমিতিক অনুপাত 0° ও 90° কোণের ত্রিকোণমিতিক অনুপাত ত্রিকোণমিতিক অভেদাবলি

দশম অধ্যায় : দূরত্ব ও উচ্চতা

(১০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. ভূ-রেখা, উর্ধ্বরেখা, উল্লম্বতল, উন্নতি কোণ ও অবনতি কোণ ব্যাখ্যা করতে পারবে। ২. ত্রিকোণমিতির সাহায্যে দূরত্ব ও উচ্চতা বিষয়ক গাণিতিক সমস্যা সমাধান করতে পারবে। মনোপেশিজ ৩. ত্রিকোণমিতির সাহায্যে হাতে-কলমে দূরত্ব ও উচ্চতা বিষয়ক বিভিন্ন পরিমাপ করতে পারবে।	<ul style="list-style-type: none"> ভূ-রেখা, উর্ধ্বরেখা, উল্লম্বতল, উন্নতি কোণ ও অবনতি কোণ দূরত্ব ও উচ্চতা বিষয়ক সমস্যা

একাদশ অধ্যায় : বীজগণিতীয় অনুপাত ও সমানুপাত

(১২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. বীজগণিতীয় অনুপাত ও সমানুপাত ব্যাখ্যা করতে পারবে। ২. সমানুপাত সংক্রান্ত বিভিন্ন রূপান্তর বিধি প্রয়োগ করতে পারবে। ৩. ধারাবাহিক অনুপাত বর্ণনা করতে পারবে। ৪. বাস্তব সমস্যা সমাধানে অনুপাত, সমানুপাত ও ধারাবাহিক অনুপাত ব্যবহার করতে পারবে।	<ul style="list-style-type: none"> বীজগণিতীয় অনুপাত ও সমানুপাত সমানুপাতের রূপান্তর বিধি ধারাবাহিক অনুপাত বাস্তব সমস্যা

দ্বাদশ অধ্যায় : দুই চলকবিশিষ্ট সরল সহসমীকরণ

(২০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. দুই চলকবিশিষ্ট সরল সহসমীকরণের সঙ্গতি যাচাই করতে পারবে। ২. দুই চলকবিশিষ্ট দুইটি সমীকরণের পরস্পর নির্ভরশীলতা যাচাই করতে পারবে। ৩. আড়গুণন পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে। ৪. বাস্তবভিত্তিক সমস্যাকে সমীকরণের সাহায্যে সমাধান করতে পারবে। মনোপেশিজ ৫. সরল সহসমীকরণের সমাধান লেখচিত্রে দেখাতে পারবে। ৬. লেখচিত্রের সাহায্যে দুই চলকবিশিষ্ট দুইটি সরল সহসমীকরণ সমাধান করতে পারবে। আবেগীয় ৭. গাণিতিক সমস্যার সরল সহসমীকরণ গঠন ও সমাধানে আগ্রহী হবে।	<ul style="list-style-type: none"> দুই চলকবিশিষ্ট সরল সহসমীকরণ আড়গুণন পদ্ধতি সমাধান লেখচিত্রের সাহায্যে সমাধান বাস্তবভিত্তিক সমস্যা

ত্রয়োদশ অধ্যায় : সসীম ধারা

(১২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. অনুক্রম ও ধারা বর্ণনা করতে ও তাদের পার্থক্য নিরূপণ করতে পারবে। ২. সমান্তর ধারা ব্যাখ্যা করতে পারবে। ৩. সমান্তর ধারার নির্দিষ্টতম পদ ও নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি নির্ণয়ের সূত্র গঠন করতে পারবে এবং সূত্র প্রয়োগ করে গাণিতিক সমস্যা সমাধান করতে পারবে। ৪. স্বাভাবিক সংখ্যার বর্গের ও ঘনের সমষ্টি নির্ণয় করতে পারবে। ৫. ধারার বিভিন্ন সূত্র প্রয়োগ করে গাণিতিক সমস্যার সমাধান করতে পারবে। ৬. গুণোত্তর ধারার নির্দিষ্টতম পদ ও নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি নির্ণয়ের সূত্র গঠন করতে পারবে এবং সূত্র প্রয়োগ করে গাণিতিক সমস্যার সমাধান করতে পারবে। আবেগীয় ৭. সমস্যা সমাধানের জন্য সমান্তর ও গুণোত্তর ধারা গঠনে আগ্রহী হবে।	<ul style="list-style-type: none"> • অনুক্রম ও ধারা • সমান্তর ধারা <ul style="list-style-type: none"> ○ সমান্তর ধারার নির্দিষ্টতম পদ ○ নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি • সসীম স্বাভাবিক সংখ্যার সমষ্টি <ul style="list-style-type: none"> ○ বিশেষ সংখ্যার সমষ্টি ○ জোড় সংখ্যার সমষ্টি ○ বর্গের সমষ্টি ○ গুণের সমষ্টি • গুণোত্তর ধারা • গাণিতিক সমস্যা

চতুর্দশ অধ্যায় : অনুপাত,সদৃশতা ও প্রতিসমতা

(২০ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. জ্যামিতিক অনুপাত সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে। ২. রেখাংশের অন্তর্বিভক্তি ব্যাখ্যা করতে পারবে। ৩. অনুপাত সম্পর্কিত উপপাদ্যগুলো যাচাই ও প্রমাণ করতে পারবে। ৪. সদৃশতার অনুপাত সংক্রান্ত উপপাদ্যগুলো যাচাই ও প্রমাণ করতে পারবে। বুদ্ধিবৃত্তীয় ৫. প্রতিসমতার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৬. হাতে-কলমে বাস্তব উপকরণের সাহায্যে রেখা ও ঘূর্ণন প্রতিসমতা যাচাই করতে পারবে। মনোপেশিজ ৭. অনুপাত ও সদৃশতার ধারণা ব্যবহার করে দৈর্ঘ্য পরিমাপ করতে পারবে।	<ul style="list-style-type: none"> • অনুপাত • রেখাংশের অন্তর্বিভক্তি • অনুপাত সম্পর্কিত উপপাদ্য <ul style="list-style-type: none"> ○ ত্রিভুজের যেকোনো বাহুর সমান্তরাল সরলরেখা ঐ ত্রিভুজের অপর বাহুদ্বয়কে বা তাদের বর্ধিতাংশদ্বয়কে সমান অনুপাতে বিভক্ত করে। ○ কোনো সরলরেখা একটি ত্রিভুজের দুই বাহুকে বা তাদের বর্ধিতাংশদ্বয়কে সমান অনুপাতে বিভক্ত করলে, উক্ত রেখা ত্রিভুজটির তৃতীয় বাহুর সমান্তরাল। ○ ত্রিভুজের যেকোনো কোণের অন্তর্দ্বিখণ্ডক বিপরীত বাহুকে উক্ত কোণ সংলগ্ন বাহুদ্বয়ের অনুপাতে অন্তর্বিভক্ত করে। ○ দুইটি ত্রিভুজ সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক হবে। ○ দুইটি ত্রিভুজের বাহুগুলো সমানুপাতিক হলে অনুরূপ বাহুর বিপরীত কোণগুলো পরস্পর সমান হবে। ○ দুইটি ত্রিভুজের একটির এক কোণ অপর একটি ত্রিভুজের এক কোণের সমান হলে এবং তাদের কোণসংলগ্ন বাহুগুলো সমানুপাতিক হলে, ত্রিভুজদ্বয় সদৃশ হবে। ○ দুইটি সদৃশ ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত তাদের যেকোনো দুই অনুরূপ বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাতের সমান। • প্রতিসমতা • রেখা ও ঘূর্ণন প্রতিসমতা • অনুপাত ও সদৃশতার ধারণা ব্যবহার করে পরিমাপ

পঞ্চদশ অধ্যায় : ক্ষেত্রফল সম্পর্কিত উপপাদ্য ও সম্পাদ্য

(১২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. বহুভুজক্ষেত্রের ক্ষেত্রফলের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. ক্ষেত্রফল সংক্রান্ত উপপাদ্য যাচাই ও প্রমাণ করতে পারবে। ৩. প্রদত্ত উপাত্ত ব্যবহার করে বহুভুজ ক্ষেত্র অঙ্কন ও অঙ্কনের যথাযথতা যাচাই করতে পারবে। মনোপেশিজ ৪. ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সমান চতুর্ভুজক্ষেত্র অঙ্কন করতে পারবে। ৫. চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সমান ত্রিভুজক্ষেত্র অঙ্কন করতে পারবে। ৬. বিভিন্ন প্রকার জ্যামিতিক-কারিগরি চিত্র অঙ্কন করতে পারবে।	<ul style="list-style-type: none"> বহুভুজক্ষেত্রের ক্ষেত্রফল ক্ষেত্রফল সংক্রান্ত উপপাদ্য যাচাই ও প্রমাণ <ul style="list-style-type: none"> একই ভূমির উপর এবং একই সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত সকল ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল সমান। একই ভূমির উপর এবং একই সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে অবস্থিত সামান্তরিকক্ষেত্রসমূহের ক্ষেত্রফল সমান। ক্ষেত্রফল সংক্রান্ত সম্পাদ্য <ul style="list-style-type: none"> এমন একটি ত্রিভুজ আঁকতে হবে যা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল একটি নির্দিষ্ট চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সমান হয়। একটি ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি সামান্তরিক আঁকতে হবে, যার একটি কোণ একটি নির্দিষ্ট কোণের সমান হয়। একটি চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি সামান্তরিক আঁকতে হবে, যার একটি কোণ একটি নির্দিষ্ট কোণের সমান হয়। বিভিন্ন প্রকার জ্যামিতিক-কারিগরি চিত্র অঙ্কন।

ষষ্ঠদশ অধ্যায় : পরিমিতি

(২২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. ত্রিভুজক্ষেত্র ও চতুর্ভুজক্ষেত্রের ক্ষেত্রফলের সূত্র প্রয়োগ করে বহুভুজক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় এবং এতদসম্পর্কিত সমস্যা সমাধান করতে পারবে। ২. বৃত্তের পরিধি ও বৃত্তাংশের দৈর্ঘ্য নির্ণয় করতে পারবে। ৩. বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় করতে পারবে। ৪. বৃত্তক্ষেত্র ও তার অংশবিশেষের ক্ষেত্রফল নির্ণয় করে এতদসম্পর্কিত সমস্যা সমাধান করতে পারবে। ৫. আয়তাকার ঘনবস্তু, ঘনক ও বেলনের ক্ষেত্রফল পরিমাপ করতে পারবে এবং এ সম্পর্কিত সমস্যা সমাধান করতে পারবে। মনোপেশিজ ৬. সুষম ও অসম আকারের বহুভুজক্ষেত্রের ক্ষেত্রফল পরিমাপ করতে পারবে।	<ul style="list-style-type: none"> ক্ষেত্রফল নির্ণয় <ul style="list-style-type: none"> ত্রিভুজক্ষেত্র, আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র ও রম্বসক্ষেত্র, সামান্তরিকক্ষেত্র, ট্রাপিজিয়ামক্ষেত্র ও বহুভুজক্ষেত্র বৃত্ত সংক্রান্ত পরিমাপ <ul style="list-style-type: none"> বৃত্তের পরিধি ও বৃত্তাংশের দৈর্ঘ্য, বৃত্তক্ষেত্র ও তার অংশবিশেষের ক্ষেত্রফল বিভিন্ন ঘনবস্তুর আয়তন <ul style="list-style-type: none"> আয়তাকার ঘনবস্তু, ঘনক ও বেলন সুষম ও অসম আকারের বহুভুজক্ষেত্র

সপ্তদশ অধ্যায় : পরিসংখ্যান

(১২ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে। ২. কেন্দ্রীয় প্রবণতা পরিমাপে সংক্ষিপ্ত পদ্ধতির প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে। ৩. সংক্ষিপ্ত পদ্ধতির সাহায্যে গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় করতে পারবে। ৪. ক্রমযোজিত গণসংখ্যা, গণসংখ্যা বহুভুজ ও অজিত রেখা ব্যাখ্যা করতে পারবে। ৫. গণসংখ্যা বহুভুজ ও অজিত রেখা লেখচিত্রের সাহায্যে উপাত্ত ব্যাখ্যা করতে পারবে। মনোপেশিজ ৬. ক্রমযোজিত গণসংখ্যা ব্যবহার করে গণসংখ্যা বহুভুজ ও অজিত রেখা অঙ্কন করতে পারবে। ৭. তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে লেখচিত্রে উপস্থাপন করতে পারবে।	<ul style="list-style-type: none"> কেন্দ্রীয় প্রবণতা <ul style="list-style-type: none"> কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ কেন্দ্রীয় প্রবণতা পরিমাপে সংক্ষিপ্ত পদ্ধতির প্রয়োজনীয়তা সংক্ষিপ্ত পদ্ধতিতে গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় বিভিন্ন ধরনের তথ্য বিশ্লেষণ, লেখচিত্রে উপস্থাপন ও ব্যাখ্যা গণসংখ্যা বহুভুজ ও অজিত রেখা অঙ্কন

শিখনফল ম্যাপ

বিষয় : গণিত

বিষয় কোড : ১০৯


L O ক ম	অধ্যায় ১			অধ্যায় ২			অধ্যায় ৩			অধ্যায় ৪			অধ্যায় ৫			অধ্যায় ৬			অধ্যায় ৭			অধ্যায় ৮			অধ্যায় ৯			অধ্যায় ১০			অধ্যায় ১১			অধ্যায় ১২			অধ্যায় ১৩			অধ্যায় ১৪			অধ্যায় ১৫			অধ্যায় ১৬			অধ্যায় ১৭		
	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ	CQ	MCQ	SQ						
১																																																			
২																																																			
৩																																																			
৪																																																			
৫																																																			
৬																																																			
৭																																																			
৮																																																			
৯																																																			
১০																																																			
১১																																																			
১২																																																			
১৩																																																			
১৪																																																			
১৫																																																			
১৬																																																			
১৭																																																			
১৮																																																			
১৯																																																			
২০																																																			
২১																																																			
২২																																																			
২৩																																																			
২৪																																																			
২৫																																																			
২৬																																																			
২৭																																																			
২৮																																																			
২৯																																																			
৩০																																																			
৩১																																																			
৩২																																																			
৩৩																																																			

বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়

বিষয়: গণিত

<p>১। দুই অঙ্কবিশিষ্ট কোনো সংখ্যার একক স্থানীয় অঙ্ক দশক স্থানীয় অঙ্কের তিনগুণ। দশক স্থানীয় অঙ্ক x হলে সংখ্যাটি নিচের কোনটি?</p> <p>(ক) $3x^2$ (খ) $4x$</p> <p>(গ) $13x$ (ঘ) $31x$</p> <p>২। $a = \sqrt{12}$ এবং $b = \sqrt{3}$ হলে-</p> <p>i. ab একটি স্বাভাবিক সংখ্যা</p> <p>ii. $\frac{a}{b}$ একটি মূলদ সংখ্যা</p> <p>iii. $(a + b)$ একটি বাস্তব সংখ্যা</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>(ক) i ও ii (খ) i ও iii</p> <p>(গ) ii ও iii (ঘ) i, ii ও iii</p> <p>৩। $A = \{x \in N : 1 < x < 5\}$ হলে, $A \times A$ সেটের সদস্য সংখ্যা কত?</p> <p>(ক) 3টি (খ) 5টি (গ) 6টি (ঘ) 9টি</p> <p>৪। $\frac{a}{b} - \frac{b}{a} = 4$ হলে, $\frac{b^2}{a^2} + \frac{a^2}{b^2} =$ কত?</p> <p>(ক) 12 (খ) 14 (গ) 18 (ঘ) 20</p> <p>৫। শতকরা বার্ষিক 10 টাকা চক্রবৃদ্ধি মুনাফায় 10000 টাকায় 2 বছরে চক্রবৃদ্ধি মূলধন কত?</p> <p>(ক) 10100 টাকা (খ) 11000 টাকা</p> <p>(গ) 12000 টাকা (ঘ) 12100 টাকা</p> <p>৬। $a^{-x} = \frac{1}{8}$ হলে, $(a)^{\frac{x}{3}} =$ কত?</p> <p>(ক) $\frac{1}{2}$ (খ) $\frac{3}{8}$</p> <p>(গ) 2 (ঘ) 8</p>	<p>৭। $\log_{10} x = -1$ হলে, $x =$ কত?</p> <p>(ক) -1 (খ) -0.01</p> <p>(গ) 0.1 (ঘ) 10</p> <p>৮। লম্বভাবে দন্ডায়মান $16\sqrt{3}$ মিটার উচ্চতার একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য এর উচ্চতার $\sqrt{3}$ গুণ হলে, সূর্যের উন্নতি কোণ কত?</p> <p>(ক) 30° (খ) 45° (গ) 48° (ঘ) 60°</p> <p>৯। $3x = 2y = z$ হলে, $x : y : z =$ কত?</p> <p>(ক) 2:3:6 (খ) 3:2:1</p> <p>(গ) 6:3:2 (ঘ) 1:2:3</p> <p>১০। $f(x) = \frac{1-x}{2}$ হলে, $f\left(\frac{a}{b}\right)$ এর মান নিচের কোনটি?</p> <p>(ক) $\frac{(a-b)}{2b}$ (খ) $\frac{(b-a)}{2b}$</p> <p>(গ) $\frac{2(a-b)}{b}$ (ঘ) $\frac{2(b-a)}{b}$</p> <p>১১। $r^2 + r^3 + r^4 + \dots$ ধারাটির n তম পদ কত?</p> <p>(ক) r^{n+3} (খ) r^{n+1}</p> <p>(গ) $\frac{1}{r^{n-1}}$ (ঘ) $\frac{1}{r^{n-3}}$</p> <p>১২। সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্র কোথায় অবস্থিত?</p> <p>(ক) কোণগুলোর সমদ্বিখন্ডকের ছেদবিন্দুতে</p> <p>(খ) অতিভুজের মধ্যবিন্দুতে</p> <p>(গ) ত্রিভুজটির বাইরে কোনো বিন্দুতে</p> <p>(ঘ) ত্রিভুজটির ভূমির মধ্যবিন্দুতে</p>
--	--


১৩।



চিত্রে, $DM = EM$ হলে, $\triangle DEF$ ত্রিভুজটি কী ধরনের?

- ক) সমদ্বিবাহু ও সূক্ষ্মকোণী
খ) সমদ্বিবাহু ও সমকোণী
গ) বিষমবাহু ও সূক্ষ্মকোণী
ঘ) বিষমবাহু ও সমকোণী

নিচের চিত্রের আলোকে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে, $BC \parallel DE \parallel AF$ এবং $AB = AC$

১৪। চিত্রানুসারে-

- i. $\angle ABC = \angle ADE$
ii. $\angle GAF = \angle ACB$
iii. $\angle GAF = \angle CAF$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii


১৫। চিত্রানুসারে নিচের কোন সম্পর্কটি সঠিক?

- (ক) $\frac{AB}{AD} = \frac{BC}{DE}$ (খ) $\frac{AB}{AE} = \frac{DE}{BC}$
(গ) $\frac{AC}{AD} = \frac{DE}{BC}$ (ঘ) $\frac{AD}{AB} = \frac{BC}{DE}$

১৬। $(10 - x)$ শ্রেণিব্যাপ্তির শ্রেণিমধ্যমান 14 হলে, $x =$ কত?

- ক) 38 খ) 28
গ) 20 ঘ) 18

নিচের তথ্যের আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:



চিত্রে $ABCDE$ সুষম পঞ্চভুজটির কেন্দ্র O এবং $OA = 6$ সে.মি.

১৭। $\triangle OAB$ এর ক্ষেত্রফল কত?

- ক) 9 বর্গসেমি খ) 15.59 বর্গসেমি
গ) 16.29 বর্গসেমি ঘ) 18 বর্গসেমি

১৮। পঞ্চভুজটির শীর্ষকোণগুলোর সমষ্টি কত?

- ক) 600° খ) 540°
গ) 450° ঘ) 360°

১৯। $x - 2y = -1$ এবং $3x - 6y = -3$ সমীকরণ জোট-

- i. সমঞ্জস
ii. পরস্পর নির্ভরশীল
iii এর একটি সমাধান (1,1)

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii


২০। দুটি অসমান মাপের কর্ণের দৈর্ঘ্য দেওয়া থাকলে নিচের কোনটি অঙ্কন করা সম্ভব?

- ক) রম্বস খ) ঘুড়ি
গ) সামান্তরিক ঘ) ট্রাপিজিয়াম

২১। $\sqrt{4x - 3} + 5 = 2$ সমীকরণটির সমাধান সেট কোনটি?

- ক) {3} খ) $\{\frac{3}{2}\}$ গ) $\{-\frac{3}{2}\}$ ঘ) { }

২২।




চিত্রে, $ABCP$ বৃত্তে $\angle BCP =$ কত?

ক) 45° খ) 70° গ) 80° ঘ) 90°

২৩। নিচের কোন তিনটি বাহু দ্বারা একটি ত্রিভুজ অঙ্কন করা সম্ভব?

ক) 3 সে.মি., 4 সে.মি. ও 7 সে.মি.
খ) 8 সে.মি., 5 সে.মি. ও 3 সে.মি.
গ) 7 সে.মি., 3 সে.মি. ও 3 সে.মি.
ঘ) 3 সে.মি., 4 সে.মি. ও 6 সে.মি.

২৪।



চিত্রে $\triangle ABC$ এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে E ও F হলে, $\triangle ABC : \triangle AEF =$ কত?

ক) 4:1 খ) 2:1 গ) 1:2 ঘ) 1:4

২৫। একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের গড় 8 সে.মি. এবং ক্ষেত্রফল 32 বর্গসেমি হলে, এর সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী লম্বদূরত্ব কত?

ক) 2 সে.মি. খ) 4 সে.মি.
গ) 8 সে.মি. ঘ) 16 সে.মি.

২৬। $4+6+4+\dots\dots\dots$ ধারাটির কোন পদ 200?

ক) 97 তম খ) 98 তম
গ) 99 তম ঘ) 101 তম

২৭। $\sin\theta = \cos\theta = x$ হলে, $\theta =$ কত?

ক) 30° খ) 45°
গ) 60° ঘ) 90°

২৮। একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্যকে তিনগুণ এবং প্রস্থকে দ্বিগুণ পরিমাণ বৃদ্ধি করা হলে এর ক্ষেত্রফল কত গুণ বৃদ্ধি পাবে?

ক) 5 গুণ খ) 6 গুণ
গ) 11 গুণ ঘ) 12 গুণ


২৯। $x^2 + 5x - 6 = 0$ সমীকরণের মূলদ্বয় নিচের কোনটি?

ক) -6, 1 খ) 3, 2
গ) -3, -2 ঘ) 6, -1

৩০। কোনো অবিন্যস্ত উপাত্তের সর্বোচ্চ মান 85 এবং পরিসর 35 হলে, সর্বনিম্ন মান কত?

ক) 49 খ) 50
গ) 51 ঘ) 60

বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ
বিষয়: গণিত বিষয় কোড: ১০৯

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন	
১.	কোনো অবিন্যস্ত উপাত্তের সর্বোচ্চ মান ৪৫ এবং পরিসর ৩৫ হলে, সর্বনিম্ন মান কত?
ক.	৪৯
খ.	৫০
গ.	৫১
ঘ.	৬০
বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন	
২.	$a = \sqrt{12}$ এবং $b = \sqrt{3}$ হলে-
i.	ab একটি স্বাভাবিক সংখ্যা
ii.	$\frac{a}{b}$ একটি মূলদ সংখ্যা
iii.	$(a + b)$ একটি বাস্তব সংখ্যা
নিচের কোনটি সঠিক ?	
ক.	i ও ii
খ.	i ও iii
গ.	ii ও iii
ঘ.	i, ii ও iii
অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন	
নিচের উদ্দীপকের আলোকে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও	
 <p>চিত্রে, $BC \parallel DE \parallel AF$ এবং $AB = AC$</p>	
৩। চিত্রানুসারে-	৪। চিত্রানুসারে নিচের কোন সম্পর্কটি সঠিক?
i. $\angle ABC = \angle ADE$	(ক) $\frac{AB}{AD} = \frac{BC}{DE}$
ii. $\angle GAF = \angle ACB$	(খ) $\frac{AB}{AE} = \frac{DE}{BC}$
iii. $\angle GAF = \angle CAF$	(গ) $\frac{AC}{AD} = \frac{DE}{BC}$
নিচের কোনটি সঠিক?	(ঘ) $\frac{AD}{AB} = \frac{BC}{DE}$
(ক) i ও ii	(খ) i ও iii
(গ) ii ও iii	(ঘ) i, ii ও iii

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮


তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪১৬
২২ নভেম্বর ২০০৯

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিবর্তকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে :

- (ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিতে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


(খন্দকার রাকিবুর রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।




বিতরণ :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারটেন্ডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন







বিষয়: গণিত

বিষয় কোড: ১০৯

১। 47 সংখ্যাটি কোন ধরনের সংখ্যা? ক) পূর্ণ সংখ্যা খ) মূলদ সংখ্যা গ) স্বাভাবিক সংখ্যা ঘ) উপরের সবগুলো সঠিক	২। কোনো ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যের অনুপাত 4 : 5 : 4 হলে, ত্রিভুজটি কোন ধরনের ? ক) সমকোণী খ) স্থূলকোণী গ) সমদ্বিবাহু ঘ) উপরের কোনোটিই নয়
৩।  $\triangle ABC$ এর- (ক) ক্ষেত্রফল 30.0 বর্গএকক (খ) ক্ষেত্রফল 32.5 বর্গএকক (গ) ক্ষেত্রফল 60.0 বর্গএকক (ঘ) ক্ষেত্রফল 78.0 বর্গএকক	৪।  সার্বিক সেট U এবং A ও B সেটের সমন্বয়ে তৈরি ভেনচিত্রের গাঢ় অংশটি কোন সেট নির্দেশ করে? (ক) $A \cup B$ (খ) $A \cap B$ (গ) $A \setminus B$ (ঘ) $B \setminus A$
৫।  উপরের চিত্রানুসারে $\cos \theta$ এর মান কত? (ক) $\frac{3}{5}$ (খ) $\frac{3}{4}$ (গ) $\frac{4}{5}$ (ঘ) $\frac{5}{4}$	৬। একজন দোকানদার প্রতি কেজি 40 টাকা দরে 10 কেজি এবং প্রতি কেজি 30 টাকা দরে 20 কেজি চাল ক্রয় করেন। সব চাল একত্রে মিশ্রিত করে প্রতি কেজি 35 টাকা দরে বিক্রয় করলে তার কত টাকা লাভ হবে? (ক) 17.70 টাকা (খ) 33.40 টাকা (গ) 50.00 টাকা (ঘ) 100.00 টাকা
৭। সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্র — ক) কোণগুলোর সমদ্বিখন্ডকের ছেদবিন্দুতে খ) অতিভুজের মধ্যবিন্দুতে গ) ত্রিভুজটির বাইরের কোনো বিন্দুতে ঘ) ত্রিভুজটির ভূমির মধ্যবিন্দুতে	৮। A সেটের সদস্য x যেখানে x একটি স্বাভাবিক পূর্ণ সংখ্যা, যা 10 থেকে ছোটো কিন্তু 1 থেকে বড়ো। এ সেটের অন্তর্গত মৌলিক সংখ্যাগুলোর সেট কোনটি? (ক) $\{1, 2, 5, 7\}$ (খ) $\{1, 3, 5, 7\}$ (গ) $\{3, 5, 7, 9\}$ (ঘ) $\{2, 3, 5, 7\}$
৯। দ্বিঘাত সমীকরণের ঘাত কত? ক) 1 (খ) 2 (গ) 3 (ঘ) 4	১০। কোনটি $x^3 - 2x^2 - x + 2$ রাশির উৎপাদক নয়? ক) $(x - 1)$ (খ) $(x + 1)$ (গ) $(x - 2)$ (ঘ) $(x + 3)$
১১। $(10 - x)$ শ্রেণিব্যাপ্তির শ্রেণিমধ্যমান 14 হলে, $x =$ কত? ক) -18 (খ) -9 গ) 9 (ঘ) 19	১২। $4 + 6 + 8 + \dots \dots \dots$ ধারাটির কোন পদ 200? ক) 99 তম (খ) 97 তম গ) 101 তম (ঘ) 98 তম

<p>১৩। $a = 3^m$ এবং $b = 3^n$ হলে—</p> <p>i. $ab = 3^{m+n}$</p> <p>ii. $m > n$ হলে, $\frac{a}{b} = 3^{m-n}$</p> <p>iii. $n > m$ হলে, $\frac{a}{b} = \frac{1}{3^{n-m}}$</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>(ক) i ও ii (খ) i ও iii</p> <p>(গ) ii ও iii (ঘ) i, ii ও iii</p>	<p>১৪। $0.\dot{7}$ সংখ্যাটি –</p> <p>i. আবৃত্ত দশমিক ভগ্নাংশ</p> <p>ii. মূলদ সংখ্যা</p> <p>iii. অমূলদ সংখ্যা</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>(ক) i ও ii (খ) i ও iii</p> <p>(গ) ii ও iii (ঘ) i, ii ও iii</p>
<p>১৫। -7 সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?</p> <p>ক) বাস্তব সংখ্যা</p> <p>খ) মূলদ সংখ্যা</p> <p>গ) অমূলদ সংখ্যা</p> <p>ঘ) স্বাভাবিক সংখ্যা</p>	<p>১৬। সমকোণী ত্রিভুজের অন্তঃকেন্দ্র কোথায় অবস্থিত?</p> <p>ক) কোণগুলোর সমদ্বিখন্ডকত্রয়ের ছেদবিন্দুতে</p> <p>খ) অতিভুজের উপর</p> <p>গ) ভূমির উপর</p> <p>ঘ) লম্বের উপর</p>

ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ
বিষয়: গণিত বিষয় কোড: ১০৯

ক্রটিযুক্ত রূপ	ক্রটিমুক্ত রূপ
উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।	
<p>১।</p>  <p>উপরের চিত্রানুসারে $\cos\theta$ এর মান কত?</p> <p>(ক) $\frac{3}{5}$ (খ) $\frac{3}{4}$ (গ) $\frac{4}{5}$ (ঘ) $\frac{5}{4}$</p>	<p>১।</p>  <p>উপরের চিত্রানুসারে $\cos\theta$ এর মান কত?</p> <p>(ক) $\frac{3}{5}$ (খ) $\frac{3}{4}$ (গ) $\frac{4}{5}$ (ঘ) $\frac{5}{4}$</p>
উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।	
<p>২। A সেটের সদস্য x যেখানে x একটি স্বাভাবিক পূর্ণ সংখ্যা, যা 10 থেকে ছোটো কিন্তু 1 থেকে বড়ো। এ সেটের অন্তর্গত মৌলিক সংখ্যাগুলোর সেট কোনটি?</p> <p>(ক) {1, 2, 5, 7} (খ) {1, 3, 5, 7}</p> <p>(গ) {3, 5, 7, 9} (ঘ) {2, 3, 5, 7}</p>	<p>২। $A = \{x \in N : x \text{ মৌলিক সংখ্যা এবং } x < 10\}$ সেট কোনটি?</p> <p>(ক) {1, 2, 5, 7} (খ) {1, 3, 5, 7}</p> <p>(গ) {3, 5, 7, 9} (ঘ) {2, 3, 5, 7}</p>
উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।	
<p>৩।</p>  <p>সার্বিক সেট U এবং A ও B সেটের সমন্বয়ে তৈরি ভেনচিত্রের গাঢ় অংশটি কোন সেট নির্দেশ করে?</p> <p>(ক) $A \cup B$ (খ) $A \cap B$</p> <p>(গ) $A \setminus B$ (ঘ) $B \setminus A$</p>	<p>৩।</p>  <p>ভেনচিত্রের গাঢ় অংশটি কোন সেট নির্দেশ করে?</p> <p>(ক) $A \cup B$ (খ) $A \cap B$</p> <p>(গ) $A \setminus B$ (ঘ) $B \setminus A$</p>
উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুলো কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।	
<p>৪।</p>  <p>ΔABC এর-</p> <p>(ক) ক্ষেত্রফল 30.0 বর্গএকক</p> <p>(খ) ক্ষেত্রফল 32.5 বর্গএকক</p> <p>(গ) ক্ষেত্রফল 60.0 বর্গএকক</p> <p>(ঘ) ক্ষেত্রফল 78.0 বর্গএকক</p>	<p>৪।</p>  <p>ΔABC এর ক্ষেত্রফল কত?</p> <p>(ক) 30.0 বর্গএকক</p> <p>(খ) 32.5 বর্গএকক</p> <p>(গ) 60.0 বর্গএকক</p> <p>(ঘ) 78.0 বর্গএকক</p>

উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।	
৫। কোনটি $x^3 - 2x^2 - x + 2$ রাশির উৎপাদক নয়? ক) $(x - 1)$ খ) $(x + 1)$ গ) $(x - 2)$ ঘ) $(x + 3)$	৫। কোনটি $x^3 - 2x^2 - x + 2$ রাশির উৎপাদক নয়? ক) $(x - 1)$ খ) $(x + 1)$ গ) $(x - 2)$ ঘ) $(x + 3)$
উদ্দীপকে এমন কোনো ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।	
৬। দ্বিঘাত সমীকরণের ঘাত কত? ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4	৬। $ax^2 + bx + c = 0$ সমীকরণের ঘাত কত? ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4
নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।	
৭। একজন দোকানদার প্রতি কেজি 40 টাকা দরে 10 কেজি এবং প্রতি কেজি 30 টাকা দরে 20 কেজি চাল ক্রয় করেন। সব চাল একত্রে মিশ্রিত করে প্রতি কেজি 35 টাকা দরে বিক্রয় করলে তার কত টাকা লাভ হবে? (ক) 17.70 টাকা খ) 33.40 টাকা (গ) 50.00 টাকা ঘ) 100.00 টাকা	৭। একজন দোকানদার প্রতি কেজি 40 টাকা দরে 10 কেজি এবং প্রতি কেজি 30 টাকা দরে 20 কেজি চাল ক্রয় করেন। প্রতি কেজি 35 টাকা দরে বিক্রয় করলে তার কত টাকা লাভ হবে? (ক) 17.70 টাকা খ) 33.40 টাকা (গ) 50.00 টাকা ঘ) 100.00 টাকা
বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।	
৮। $a = 3^m$ এবং $b = 3^n$ হলে— i. $ab = 3^{m+n}$ ii. $m > n$ হলে, $\frac{a}{b} = 3^{m-n}$ iii. $n > m$ হলে, $\frac{a}{b} = \frac{1}{3^{n-m}}$ নিচের কোনটি সঠিক? (ক) i ও ii খ) i ও iii (গ) ii ও iii ঘ) i, ii ও iii	৮। $a = 3^m$ এবং $b = 3^n$ হলে— i. $ab = 3^{m+n}$ ii. $\frac{a}{b} = 3^{m-n}$, যখন $m > n$ iii. $\frac{a}{b} = \frac{1}{3^{n-m}}$, যখন $n > m$ নিচের কোনটি সঠিক? (ক) i ও ii খ) i ও iii (গ) ii ও iii ঘ) i, ii ও iii
বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।	
৯। সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্র — ক) কোণগুলোর সমদ্বিখন্ডকের ছেদবিন্দুতে খ) অতিভুজের মধ্যবিন্দুতে গ) ত্রিভুজটির বাইরের কোনো বিন্দুতে ঘ) ত্রিভুজটির ভূমির মধ্যবিন্দুতে	৯। সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্র — ক) কোণগুলোর সমদ্বিখন্ডকের ছেদবিন্দু খ) ত্রিভুজটির অতিভুজের মধ্যবিন্দু গ) ত্রিভুজটির বাইরের কোনো বিন্দু ঘ) ত্রিভুজটির ভূমির মধ্যবিন্দু
পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।	
১০। $(10 - x)$ শ্রেণিব্যাপ্তির শ্রেণিমধ্যমান 14 হলে, $x =$ কত? ক) -18 খ) -9 গ) 9 ঘ) 19	১০। $(10 - x)$ শ্রেণিব্যাপ্তির শ্রেণিমধ্যমান 14 হলে, $x =$ কত? ক) 38 খ) 28 গ) 20 ঘ) 18
বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।	
১১। $4 + 6 + 8 + \dots$ ধারাটির কোন পদ 200? ক) 99 তম খ) 97 তম গ) 101 তম ঘ) 98 তম	১১। $4 + 6 + 8 + \dots$ ধারাটির কোন পদ 200? ক) 97 তম খ) 98 তম গ) 99 তম ঘ) 101 তম

বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।	
<p>১২। সমকোণী ত্রিভুজের অন্তঃকেন্দ্র কোথায় অবস্থিত?</p> <p>ক) কোণগুলোর সমদ্বিখন্ডকত্রয়ের ছেদবিন্দুতে</p> <p>খ) অতিভুজের উপর</p> <p>গ) ভূমির উপর</p> <p>ঘ) লম্বের উপর</p>	<p>১২। সমকোণী ত্রিভুজের অন্তঃকেন্দ্র কোথায় অবস্থিত ?</p> <p>ক) কোণগুলোর সমদ্বিখন্ডকত্রয়ের ছেদবিন্দুতে</p> <p>খ) বাহুগুলোর লম্বসমদ্বিখন্ডকের ছেদবিন্দুতে</p> <p>গ) ত্রিভুজটির বাইরে অবস্থিত কোনো বিন্দুতে</p> <p>ঘ) ত্রিভুজটির মধ্যমাত্রয়ের ছেদবিন্দুতে</p>
বিকল্প উত্তরসমূহের Mutually Exclusiveness পরিহার করতে হবে।	
<p>১৩। ০. $\dot{7}$ সংখ্যাটি –</p> <p>i. আবৃত দশমিক ভগ্নাংশ</p> <p>ii. মূলদ সংখ্যা</p> <p>iii. অমূলদ সংখ্যা</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>(ক) i ও ii (খ) i ও iii</p> <p>(গ) ii ও iii (ঘ) i, ii ও iii</p>	<p>১৩। ০. $\dot{7}$ সংখ্যাটি –</p> <p>i. আবৃত দশমিক ভগ্নাংশ</p> <p>ii. মূলদ সংখ্যা</p> <p>iii. বাস্তব সংখ্যা</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>(ক) i ও ii (খ) i ও iii</p> <p>(গ) ii ও iii (ঘ) i, ii ও iii</p>
বিকল্প উত্তরসমূহের Mutually Inclusiveness পরিহার করতে হবে।	
<p>১৪। –7 সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?</p> <p>ক) বাস্তব সংখ্যা</p> <p>খ) মূলদ সংখ্যা</p> <p>গ) অমূলদ সংখ্যা</p> <p>ঘ) স্বাভাবিক সংখ্যা</p>	<p>১৪। –7 সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?</p> <p>ক) মৌলিক সংখ্যা</p> <p>খ) মূলদ সংখ্যা</p> <p>গ) অমূলদ সংখ্যা</p> <p>ঘ) স্বাভাবিক সংখ্যা</p>
বিকল্প উত্তরে ‘উপরের সবগুলো সঠিক’-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৫। 47 সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?</p> <p>ক) পূর্ণ সংখ্যা</p> <p>খ) মূলদ সংখ্যা</p> <p>গ) স্বাভাবিক সংখ্যা</p> <p>ঘ) উপরের সবগুলো সঠিক</p>	<p>১৫। 47 সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?</p> <p>ক) যৌগিক সংখ্যা</p> <p>খ) পূর্ণবর্গ সংখ্যা</p> <p>গ) অমূলদ সংখ্যা</p> <p>ঘ) স্বাভাবিক সংখ্যা</p>
বিকল্প উত্তরে ‘উপরের কোনোটিই নয়’-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৬। কোনো ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যের অনুপাত 4 : 5 : 4 হলে, ত্রিভুজটি কোন ধরনের ?</p> <p>ক) সমকোণী</p> <p>খ) স্থূলকোণী</p> <p>গ) সমদ্বিবাহু</p> <p>ঘ) উপরের কোনোটিই নয়</p>	<p>১৬। কোনো ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যের অনুপাত 4 : 5 : 4 হলে, ত্রিভুজটি কোন ধরনের ?</p> <p>ক) সমকোণী</p> <p>খ) স্থূলকোণী</p> <p>গ) সমদ্বিবাহু</p> <p>ঘ) বিষমবাহু</p>

পরিশিষ্ট: 'ঝ'

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড -----/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

পরীক্ষার নাম : এসএসসি/ দাখিল ২০ -----খ্রিস্টাব্দ

বিষয় : গণিত

বিষয় কোড : ১০৯

কাঠিন্যের স্তর	অধ্যায়																	মোট প্রশ্ন	%
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭		
সহজ																			
মধ্যম																			
কঠিন																			
মোট																			

শিক্ষাবোর্ডের নাম:

পরীক্ষার নাম:

২০-----খ্রিস্টাব্দ

বিষয়: গণিত বিষয় কোড: ১০৯


বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	
২	
৩	
৪	
৫	
৬	
৭	
৮	
৯	
১০	
১১	
১২	
১৩	
১৪	
১৫	

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	
১৭	
১৮	
১৯	
২০	
২১	
২২	
২৩	
২৪	
২৫	
২৬	
২৭	
২৮	
২৯	
৩০	

সৃজনশীল প্রশ্নের উদাহরণ
বিষয়: গণিত বিষয় কোড: ১০৯

১।



$ABCD$ আয়তক্ষেত্রের পরিবৃত্তের কেন্দ্র O , $AC = 8$ সে.মি. এবং $AB = 4$ সে.মি.

(ক) একটি ঘনকের আয়তন ২৭ ঘনসে.মি. হলে, এর যে-কোনো একটি পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

২


(খ) AB বৃত্তচাপটির দৈর্ঘ্য নির্ণয় করো।

৪

(গ) চিত্রের গাঢ় অংশের ক্ষেত্রফল নির্ণয় করো।

৪

২।



চিত্রে O কেন্দ্রবিশিষ্ট $PQRS$ বৃত্তের দুটি সমান জ্যা PR ও QS পরস্পরকে T বিন্দুতে ছেদ করেছে।

(ক) বৃত্তে অন্তর্লিখিত কোনো চতুর্ভুজের দুটি বিপরীত কোণ $(2x - 80)^\circ$ ও $(170 - x)^\circ$ হলে, x এর মান নির্ণয় করো।

২

(খ) প্রমাণ করো যে, $\angle POS + \angle QOR = 2\angle QTR$.

৪

(গ) প্রমাণ করো যে, $TP = TS$.

৪

৩। একটি রেখাংশের দৈর্ঘ্য $a = 4.5$ সেমি এবং $\angle x = 60^\circ$ ও $\angle y = 70^\circ$ দুটি কোণ।

(ক) ΔPQR এর QR বাহুর উপর মধ্যমা অঙ্কন করে উৎপন্ন ত্রিভুজ দুটির নাম লেখো।

২

খ) $3a$ এর সমান দৈর্ঘ্যকে কোনো ত্রিভুজের পরিসীমা এবং $\angle x$ ও $\angle y$ কে ভূমি সংলগ্ন দুটি কোণ ধরে বিবরণসহ ত্রিভুজটি অঙ্কন করো।

৪

গ) বিবরণসহ a বাহুবিশিষ্ট সমবাহু ত্রিভুজের সমান ক্ষেত্রফল বিশিষ্ট একটি সামান্তরিক অঙ্কন করো যার একটি কোণ $\angle x$ ।

৪

৪। একটি দ্রব্যের কিস্তিতে বিক্রয়মূল্য ৭৪৭৫ টাকা। কিস্তির অফার নিম্নরূপ :

প্রথম অফার: প্রথম কিস্তিতে ৫০ টাকা এবং পরবর্তী প্রতি কিস্তিতে তার পূর্বের কিস্তির চেয়ে ২৫ টাকা বেশি দিতে হবে।

দ্বিতীয় অফার: প্রথম দুই কিস্তিতে মোট ৩০০ টাকা এবং প্রথম চার কিস্তিতে মোট ১৫০০ টাকা প্রদান করলে ১১৭৫ টাকা ডিসকাউন্ট পাওয়া যাবে। এক্ষেত্রে কিস্তির টাকার পরিমাণগুলো গুণোত্তর ধারা গঠন করে।

ক) কোনো অনুক্রমের m তম পদ $\{2m + 2\}$ হলে, অনুক্রমের পদগুলো দ্বারা ধারা গঠন করো। ২

খ) প্রথম অফারের ক্ষেত্রে শেষ কিস্তিতে প্রদেয় টাকার পরিমাণ নির্ণয় করো। ৪

গ) দ্বিতীয় অফারের ক্ষেত্রে প্রথম কিস্তিতে প্রদেয় টাকার পরিমাণ নির্ণয় করো। ৪

৫। একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে x, y ও z যেখানে, $x > y > z$

এবং $\frac{(y^2 - z^2)}{(y - z)^2} = \frac{(x^2 - y^2)}{(x - y)^2}$ । ঘনবস্তুটির দৈর্ঘ্য এবং প্রস্থ উভয়ই ১০% বৃদ্ধি করা হলো।

ক) ১০% লাভে কোনো দ্রব্যের বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অনুপাত নির্ণয় করো। ২

খ) দেখাও যে, x, y এবং z ক্রমিক সমানুপাতী। ৪

গ) ঘনবস্তুটির আয়তন শতকরা কী পরিমাণ বৃদ্ধি পাবে নির্ণয় করো। ৪

৬। A এবং C শীর্ষবিন্দু বিশিষ্ট AB এবং CD বেলনাকার দণ্ডদ্বয় ভূমিতে খাড়াভাবে রাখা আছে। AB দণ্ডের উচ্চতা ১২ মিটার এবং বক্রপৃষ্ঠতলের ক্ষেত্রফল 24π বর্গমিটার। A বিন্দুতে C বিন্দুর অবনতি কোণ 45° এবং B বিন্দুতে C বিন্দুর উন্নতি কোণ 60°

(ক) একটি রম্বসের দুটি কর্ণের দৈর্ঘ্য ১০ সে.মি. ও ৬ সে.মি. হলে, এর বাহুর দৈর্ঘ্য নির্ণয় করো। ২

(খ) AB দণ্ডটির আয়তন নির্ণয় করো। ৪

(গ) CD দণ্ডটির উচ্চতা নির্ণয় করো। ৪

৭। কোনো এলাকার ৫৬ জন লোকের বয়সের গণসংখ্যা সারণি নিচে দেওয়া হলো:

বয়স	১৯ – ২৩	২৪ – ২৮	২৯ – ৩৩	৩৪ – ৩৮	৩৯ – ৪৩	৪৪ – ৪৮
লোক সংখ্যা	৪	৭	১২	১৬	১১	৬

ক) প্রাচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় করো। ২

খ) উপাভের মধ্যক নির্ণয় করো। ৪

গ) বিবরণসহ প্রদত্ত উপাভের গণসংখ্যা বহুভুজ অঙ্কন করো। ৪

৮। কোনো স্কুলের ৪৫ জন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বরের সারণি দেওয়া হলো:


প্রাপ্ত নম্বর	৩০ – ৩৫	৩৬ – ৪১	৪২ – ৪৭	৪৮ – ৫৩	৫৪ – ৫৯	৬০ – ৬৫
ছাত্র সংখ্যা	৪	৭	১১	১৩	৮	২

ক) কোনো উপাভের সর্বোচ্চ মান ৯৪, সর্বনিম্ন মান ৩৪ এবং শ্রেণি ব্যবধান ১০ হলে শ্রেণি সংখ্যা নির্ণয় করো। ২

খ) সংক্ষিপ্ত পদ্ধতিতে প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় করো। ৪

গ) বিবরণসহ প্রদত্ত উপাভের অজিভরেখা অঙ্কন করো। ৪

সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর
বিষয় : গণিত বিষয় কোড : ১০৯



$ABCD$ আয়তক্ষেত্রের পরিবৃত্তের কেন্দ্র O , $AC = 8$ সে.মি. এবং $AB = 4$ সে.মি.

- (ক) একটি ঘনকের আয়তন ২৭ ঘনসে.মি. হলে, এর যে-কোনো একটি পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় করো। ২
- (খ) AB বৃত্তচাপটির দৈর্ঘ্য নির্ণয় করো। ৮
- (গ) চিত্রের গাঢ় অংশের ক্ষেত্রফল নির্ণয় করো। ৮

১(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা স্তর	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(ক)	সহজ	২	২	ঘনকের একটি পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় করতে পারলে
			১	আয়তন অথবা পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র লিখতে পারলে
			০	অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে

নমুনা উত্তর :

ধরি, ঘনকের এক ধার a সে.মি.

আয়তন = a^3 ঘন.সে.মি.

সুতরাং, $a^3 = 27 \Rightarrow a = 3$

ঘনকের যে-কোনো একটি পৃষ্ঠতলের ক্ষেত্রফল, $a^2 = 3^2 = 9$ বর্গসে.মি.

১(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা স্তর	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(খ)	মধ্যম	৮	৮	বৃত্তচাপটির দৈর্ঘ্য নির্ণয় করতে পারলে
			৩	OAB একটি সমবাহু ত্রিভুজ প্রমাণ করে $\angle AOB$ কোণ নির্ণয়পূর্বক বৃত্তচাপ নির্ণয়ের সূত্র লিখতে পারলে
			২	OAB একটি সমবাহু ত্রিভুজ প্রমাণ করে $\angle AOB$ কোণ নির্ণয় করতে পারলে
			১	OAB একটি সমবাহু ত্রিভুজ প্রমাণ করতে পারলে
			০	অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে

নমুনা উত্তর :

দেওয়া আছে, $AB = 4$ সে.মি.,

$$OA = r = \frac{1}{2}AC = 4 \text{ সে.মি.}$$

$$\therefore OA = OB = AB = 4 \text{ সে.মি.}$$

সুতরাং, OAB একটি সমবাহু ত্রিভুজ

$$\therefore \angle AOB = \theta = 60^\circ$$

$$\text{বৃত্তচাপ, } AB = \frac{\theta}{360} \times 2\pi r$$

$$= \frac{60}{360} \times 2\pi \times 4$$

$$= \frac{4\pi}{3} \text{ বর্গসে.মি.}$$

১(গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা স্তর	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(গ)	কঠিন	৪	৪	চিত্রের গাঢ় অংশের ক্ষেত্রফল নির্ণয় করতে পারলে
			৩	ABC অর্ধবৃত্তের ক্ষেত্রফল নির্ণয়পূর্বক ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় করতে পারলে
			২	ABC অর্ধবৃত্তের ক্ষেত্রফল নির্ণয় করতে পারলে অথবা, ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় করতে পারলে
			১	ABC অর্ধবৃত্তের ক্ষেত্রফলের সূত্র লিখতে পারলে অথবা, ত্রিভুজের ক্ষেত্রফলের সূত্র লিখতে পারলে
			০	অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে

নমুনা উত্তর :

$$ABC \text{ অর্ধবৃত্তের ক্ষেত্রফল} = \frac{\pi r^2}{2}$$

$$= \frac{\pi \times 4^2}{2} = 8\pi \text{ বর্গসেমি}$$

$ABCD$ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য BC

$$\therefore BC^2 + AB^2 = AC^2$$

$$\text{বা, } BC^2 + 4^2 = 8^2$$

$$\text{বা, } BC^2 = 48$$

$$\therefore BC = 4\sqrt{2}$$

$$ABC \text{ ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times 4 \times 4\sqrt{2} \text{ বর্গসে.মি.} = 8\sqrt{2} \text{ বর্গসে.মি.}$$

$$\text{গাঢ় অংশের ক্ষেত্রফল} = (8\pi - 8\sqrt{2}) \text{ বর্গসে.মি.} = 13.82 \text{ বর্গসে.মি.}$$

সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ
বিষয়: গণিত **বিষয় কোড: ১০৯**

- (১) $12.0\bar{5}2$ সংখ্যাটি মূলদ না কি অমূলদ তা কারণসহ লেখো।
- (২) সার্বিক সেট U -এর দুটি উপসেট A ও B পরস্পর নিষ্পন্ন সেট না হলে, $(A \cup B)'$ কে ভেনচিত্রে দেখাও।
- (৩) $x^3 + y^3 = 91$ এবং $x + y = 7$ হলে, xy এর মান নির্ণয় করো।
- (৪) 3^{3^4} এবং $(3^3)^4$ সংখ্যাদ্বয়ের মধ্যে কোনটি বৃহত্তর তা ক্যালকুলেটর ব্যবহার না করে নির্ধারণ করো।
- (৫) $a^3 + 2a^2 - 5a - 6$ রাশিকে উৎপাদকে বিশ্লেষণ করো।
- (৬) $\triangle ABC$ ত্রিভুজের $AB = AC$ এবং $\angle BAC = 70^\circ$ হলে, C বিন্দুতে উৎপন্ন বহিঃস্থ কোণের মান নির্ণয় করো।
- (৭) একটি রম্বসের দুটি কর্ণের দৈর্ঘ্য $AC = 5$ সে.মি. এবং $BD = 6$ সে.মি. হলে, $ABCD$ রম্বসটি অঙ্কন করো।
- (৮) AB ব্যাসবিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র O এবং ব্যাসার্ধের সমান একটি জ্যা BC হলে $\angle BOC$ এর মান নির্ণয় করো।
- (৯) $\operatorname{cosec}^2(\theta - 30^\circ) = 2$ হলে θ এর মান নির্ণয় করো। [যখন θ সূক্ষ্মকোণ]
- (১০) সূর্যের উন্নতি কোণ 60° হলে, লম্বভাবে দণ্ডায়মান ১২ মিটার উচ্চতার একটি খুটির ছায়ার দৈর্ঘ্য নির্ণয় করো।
- (১১) $x - 3y = 3$ এবং $-\frac{1}{3}x + y = -1$ সমীকরণজোট সমজস্য কিনা ব্যাখ্যা করো।
